“Access to and Utilization of Lifesaving Services by Marginalized Communities in Chittagong Hill Tracts in Bangladesh” Project

নিয়োগ বিজ্ঞপ্তি

প্রকাশের তারিখ: ২৭ ফেব্রুয়ারি ২০২৬

আবেদনের শেষ তারিখ ও সময়: ০৯ মার্চ ২০২৬, বিকাল ৪:৩০ মিনিট

জাবারাং কল্যাণ সমিতি খাগড়াছড়ি পার্বত্য জেলায় অবস্থিত একটি স্থানীয় বেসরকারি উন্নয়ন সংস্থা (এনজিও)। এ সংস্থা **Helen Keller International-** এর সহায়তায় “Access to and Utilization of Lifesaving Services by Marginalized Communities in Chittagong Hill Tracts” নামে একটি প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে নিম্নে উল্লেখিত পদের জন্য আগ্রহী প্রার্থীদের নিকট থেকে আবেদনপত্র আহবান করছে। এই প্রকল্পের লক্ষ্য হলো সমন্বিত পুষ্টি, খাদ্য নিরাপত্তা ও ওয়াশ **(WASH)** কার্যক্রমের মাধ্যমে পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের পাঁচ বছরের নিচে বয়সী ঝুঁকিপূর্ণ শিশু ও তাদের পরিবারের পুষ্টিগত অবস্থা, স্বাস্থ্য সহনশীলতা এবং সামগ্রিক কল্যাণ উন্নত করা। উল্লেখ্য এ নিয়োগ প্রক্রিয়ার কার্যকারিতা **Helen Keller International** এবং **Zabarang**-এর মধ্যে চুক্তি ও চূড়ান্ত অনুমোদনের ওপর নির্ভর করবে।

পদের নাম/Job Title: প্রজেক্ট সাপোর্ট স্টাফ (PSS)
পদসংখ্যা: ৯ জন

চাকুরির সারসংক্ষেপ: “Access to and Utilization of Lifesaving Services by Marginalized Communities in Chittagong Hill Tracts” প্রকল্পের জন্য উপজেলা অফিস পর্যায়ের কার্যক্রম যথাযথভাবে সম্পাদনে **প্রজেক্ট সাপোর্ট স্টাফ (PSS)** দায়িত্বপ্রাপ্ত থাকবেন। এই পদে নির্বাচিত ব্যক্তি জেলা ও উপজেলা অফিসে দৈনন্দিন অফিস, প্রশাসনিক ও লজিস্টিক সহায়তা প্রদান করে প্রকল্প কার্যক্রম যেন সুষ্ঠু ও সময়মতো বাস্তবায়ন করা যায় সে কাজে সহায়তা নিশ্চিত করবেন।

কর্মস্থল: খাগড়াছড়ি জেলার নিম্নে উল্লেখিত উপজেলা-

ক্রমিক নং	উপজেলার নাম	পদের সংখ্যা
০১	খাগড়াছড়ি সদর	১
০২	দীঘিনালা	১
০৩	মাটিরাঙ্গা	১
০৪	পানছড়ি	১
০৫	মহালছড়ি	১
০৬	মানিকছড়ি	১
০৭	গুইমারা	১
০৮	রামগড়	১
০৯	লক্ষীছড়ি	১
	মোট	৯

প্রকল্পের মেয়াদ: ৮ মাস
বেতন ও ভাতা: সংস্থা/প্রকল্পে অনুমোদিত বরাদ্ধ অনুযায়ী
রিপোর্টিং: উপজেলা কোঅর্ডিনেটর
প্রধান দায়িত্ব ও কর্তব্য

- অফিস খোলা ও বন্ধ করতে সহায়তা করা এবং অফিস পরিষ্কার-পরিচ্ছন্ন ও সুশৃঙ্খল রাখা;
- ফটোকপি, প্রিন্টিং, ফাইলিং এবং নথিপত্র নিরাপদে সংরক্ষণসহ অফিসের কাজগুলোতে সহায়তা করা;
- সভা, প্রশিক্ষণ ও কর্মশালা আয়োজনের ক্ষেত্রে সহায়তা করা (চেয়ার সাজানো, উপকরণ প্রস্তুত করা, প্রয়োজনে পানি/চা পরিবেশন করা);
- অফিস, উপজেলা অফিস এবং অন্যান্য স্থানের মধ্যে নথিপত্র, চিঠিপত্র ও উপকরণ আদান-প্রদানে সহায়তা করা;
- অফিস ও প্রকল্পের উপকরণ গ্রহণ, সংরক্ষণ ও বিতরণে সহায়তা করা;

- প্রয়োজন অনুযায়ী মাঠ পরিদর্শন ও কার্যক্রমের দিনে প্রকল্প কর্মীদের সহায়তা করা;
- ফোন কল করা ও বার্তা পৌঁছে দেওয়ার মতো মৌলিক যোগাযোগ কার্যক্রমে সহায়তা করা;
- অফিসের সরঞ্জাম রক্ষণাবেক্ষণ করা এবং কোনো ক্ষতি বা সমস্যা হলে কর্তৃপক্ষকে জানানো;
- অফিসের নিয়মাবলী, কাজের নির্দেশনা ও সুরক্ষা (Safeguarding) নীতিমালা অনুসরণ করা।

প্রয়োজনীয় যোগ্যতা

- ন্যূনতম এইচএসসি বা সমমান পাস। অধিকতর শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে।

অতিরিক্ত যোগ্যতা

- এনজিও/প্রোগ্রাম/প্রকল্পে ন্যূনতম ২ বছরের কাজের অভিজ্ঞতা;
- অফিস সহায়তা, পরিষ্কার-পরিচ্ছন্নতা, মেসেঞ্জার বা সহকারী হিসেবে কাজের পূর্ব অভিজ্ঞতা অগ্রাধিকারযোগ্য;
- সৎ, সময়নিষ্ঠ এবং দলগতভাবে কাজ করার মানসিকতা থাকতে হবে;
- অফিস ও মাঠ পর্যায়ে উপকরণ বহন ও সহায়তা প্রদানের জন্য শারীরিকভাবে সক্ষম হতে হবে;
- ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা মেনে চলার আগ্রহ থাকতে হবে;
- সহকর্মী, দর্শনার্থী ও কমিউনিটির সদস্যদের সঙ্গে সম্মানজনক আচরণ করতে হবে;
- যোগাযোগের জন্য মোবাইল ফোন ব্যবহারের প্রাথমিক জ্ঞান থাকতে হবে।

যেসব আগ্রহী প্রার্থী উপরোক্ত যোগ্যতা পূরণ করেন, তাদের নিম্ন স্বাক্ষরকারীর বরাবরে (নির্বাহী পরিচালক, জাবারাং কল্যাণ সমিতি, খাগড়াপুর, খাগড়াছড়ি) নিম্নলিখিত কাগজপত্র জমা দেওয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে-

১. আবেদনপত্রসহ হালনাগাদ জীবনবৃত্তান্ত (CV) এবং সাম্প্রতিক তোলা ১ কপি পাসপোর্ট সাইজের ছবি;
২. সকল শিক্ষাগত সনদের ফটোকপি;
৩. অভিজ্ঞতার সদনপত্র;
৪. জাতীয় পরিচয়পত্র (NID)-এর ফটোকপি;
৫. সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা প্রশাসক বা মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র।

বিশেষ দ্রষ্টব্য: আবেদনপত্র এবং খামের উপর বড় অক্ষরে নিজ ইউনিয়ন ও উপজেলার নাম উল্লেখপূর্বক আবেদন করতে হবে।
আবেদনকারী ই-মেইলের মাধ্যমেও আবেদন করতে পারবেন: To: info.zabarang@gmail.com, Cc: info@zabarangbd.org ; **শুধুমাত্র পিডিএফ (PDF) কপি গ্রহণযোগ্য হবে।**

ঘোষণাপত্র (Disclaimer)

শুধুমাত্র সংক্ষিপ্ত তালিকাভুক্ত (শর্টলিস্টেড) প্রার্থীদের সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য ডাকা হবে। সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। কোনো ধরনের তদবির বা প্রভাব বিস্তারের চেষ্টা করলে প্রার্থী অযোগ্য বলে বিবেচিত হবেন। নিয়োগ সংক্রান্ত যেকোনো সিদ্ধান্ত গ্রহণ, বাতিল বা পরিবর্তনের সম্পূর্ণ অধিকার Zabarang-এর নিয়োগ কমিটি/ কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

যোগ্য নারী প্রার্থী ও প্রতিবন্ধী ব্যক্তিদের আবেদন করতে বিশেষভাবে উৎসাহিত করা হচ্ছে।

আবেদন করার পূর্বে অনুগ্রহ করে পড়ুন:

Zabarang শিশু ও প্রাপ্তবয়স্ক উপকারভোগীদের প্রতি কোনো ক্ষতি না করার নীতিতে প্রতিশ্রুতিবদ্ধ। প্রতিষ্ঠানটি সকল উপকারভোগীর অধিকারকে সম্মান করে এবং সকল কার্যক্রম ও সিদ্ধান্তে শিশুর সর্বোত্তম স্বার্থকে সর্বোচ্চ গুরুত্ব দেয়। সে অনুযায়ী, সকল নিয়োগপ্রাপ্ত কর্মীকে প্রতিষ্ঠানের শিশু সুরক্ষা নীতি (Child Protection Policy) ও সেফগার্ডিং নীতিমালা (Safeguarding Policy) অনুসারে নির্দিষ্ট যাচাই ও সম্মতি প্রক্রিয়ার মধ্য দিয়ে যেতে হবে।

Zabarang শিশু, নারী বা প্রাপ্তবয়স্কদের বিরুদ্ধে সংঘটিত যেকোনো ধরনের সহিংসতা, নির্যাতন, যৌন শোষণ বা নিপীড়নের ঘটনায় কর্মচারী কিংবা সংশ্লিষ্ট অন্য যেকোনো ব্যক্তির দ্বারা সংঘটিত হলেও শূন্য সহনশীলতা নীতি অনুসরণ করে।

নির্বাহী পরিচালক
জাবারাং কল্যাণ সমিতি
খাগড়াপুর, খাগড়াছড়ি।